গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.২৩.৯৫৪

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

**বিষয়: মেলান্দহ পৌরসভার ০৪ নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে উপ-নির্বাচন অনুষ্ঠান।**

সূত্র : ১. মেলান্দহ পৌরসভার স্মারক মেলাঃ/পৌরঃ/২০২৩-২৮৩, তারিখ: ১৮ মে ২০২৩;
২. স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.২৩.৯৫২, তারিখ: ১৮ জুন ২০২৩;
৩. স্থানীয় সরকার বিভাগের প্রজ্ঞাপন নং ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.২৩.৯৫৩, তারিখ: ১৮ জুন ২০২৩।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ পৌরসভার ০৪ নং ওয়ার্ড কাউন্সিলর মুহাম্মদ আব্দুল্লাহ আল ফারুক-কে নিম্নবর্ণিত মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত হওয়ায়, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩২(১)(খ) এবং ৩৩(১)(ঘ), (২) অনুযায়ী সূত্রস্থ ২ ও ৩ নং প্রজ্ঞাপন মূলে তাঁকে উক্ত পৌরসভার কাউন্সিলর পদ হতে অপসারণ করা হয়েছে এবং পদটি শূন্য ঘোষণা করা হয়েছে (কপি সংযুক্ত):

| ক্র. | বিজ্ঞ আদালতের নাম | মামলা নং | মামলা রায়ে প্রদত্ত দণ্ড |
|---|---|---|---|
| ১. | যুগ্ম দায়রা জজ ২য় আদালত, জামালপুর | দায়রা মামলা নং-৩৯২/২০২২ (সিআর মামলা নং-৪০৮(১)২০২১) ধারা: The Negotiable Instrumnent Act, 1881 এর ধারা ১৩৮ | ১(এক) বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং ৪৮,৭২,০০০.০০ টাকা (আটচল্লিশ লক্ষ বায়াত্তর হাজার টাকা) অর্থদণ্ড |
| ২. | যুগ্ম দায়রা জজ ২য় আদালত, জামালপুর | দায়রা মামলা নং-২৫৮/২০২২ (সিআর মামলা নং-২৪২(১)২০২১) ধারা: The Negotiable Instrumnent Act, 1881 এর ধারা ১৩৮ | ১(এক) বছরের বিনাশ্রম কারাদণ্ড এবং ৪০,০০,০০০.০০ টাকা (চল্লিশ লক্ষ টাকা) অর্থদণ্ড |
| ৩. | যুগ্ম জেলা ও দায়রা জজ অর্থঋণ আদালত, জামালপুর | দায়রা মোকদ্দমা নং ৪৯৩/২০২২, সি,আর মামলা নং-১৪৩(০১) ২০২২, The Negotiable Instrumnent Act, 1881 এর ধারা ১৩৮ | ৬(ছয়) মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং ৭,৫০,০০০.০০ টাকা (সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা) অর্থদণ্ড |
| ৪. | যুগ্ম জেলা ও দায়রা জজ অর্থঋণ আদালত, জামালপুর | দায়রা মোকদ্দমা নং ৪৯৪/২০২২, সি,আর মামলা নং-১৪১(০১) ২০২২, The Negotiable Instrumnent Act, 1881 এর ধারা ১৩৮ | ৭(সাত) মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং ১১,২৫,০০০.০০ টাকা (এগার লক্ষ পঁচিশ হাজার টাকা) অর্থদণ্ড |

২। এমতাবস্থায়, মেলান্দহ পৌরসভার ০৪ নং ওয়ার্ড কাউন্সিলর এর শূন্য ঘোষণাকৃত আসনে পুনঃ নির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৮/০৬/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, মেলান্দহ পৌরসভা, জামালপুর
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)